

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

## আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَوْبَانِ قِطْرِيَّانِ غَلِيظَانِ وَكَانَ إِذَا قعد فرق ثَقُلًا عَلَيْهِ فَقَدِمَ بَنُّ مِنَ الشَّامِ لِفُلَانٍ الْيَهُودِيِّ. فَقُلْتُ: لَوْ بَعَثْتَ إِلَيْهِ فَقَدِمَ بَنُّ مِنَ الشَّامِ لِفُلَانٍ الْيَهُودِيِّ. فَقُلْتُ: لَوْ بَعَثْتَ إِلَيْهِ فَقَالَ: قَدْ عَلِمْتُ مَا تُرِيدُ إِنَّمَا تُرِيدُ أَنْ فَاشْتَرَيْتَ مِنْهُ ثَوْبَيْنِ إِلَى الْمَيْسَرَةِ فَأَرْسَلَ إِلَيْهِ فَقَالَ: قَدْ عَلِمْتُ مَا تُرِيدُ إِنَّمَا تُرِيدُ أَنْ تَذْهَبَ بِمَالِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كَذَبَ قَدْ عَلِمَ أَنِي مِنْ أَتْقَاهُمْ وَآداهُم للأمانة» . رَوَاهُ التِّرْمِذِي وَالنَّسَائِي

#### বাংলা

৪৩৬১-[৫৮] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর ব্যবহারের দু'টি কিত্বরি মোটা কাপড় ছিল। যখন তিনি (তা পরিধান করে) বসতেন এবং ঘর্মাক্ত হতেন, তখন কাপড় দু'টি তাঁর উপরে ভারী হয়ে যেত। (এমনি সময়) সিরিয়া হতে জনৈক ইয়াহূদীর কিছু কাপড় এলো। তখন আমি বললামঃ আপনি যদি কাউকে তার কাছে পাঠিয়ে সাধ্যমত দু'টি কাপড় ক্রয়় করতেন মূল্য পরিশোধের শর্তে, তাহলে কতই না ভালো হত! অতঃপর তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) এক ব্যক্তিকে তার (ইয়াহূদীর) নিকট পাঠালেন। তখন সে (ইয়াহূদী) বলল: আমি তোমার উদ্দেশ্য বুঝতে পেরেছি, তুমি আমার মালটি আত্মসাৎ করতে চেয়েছ। (ইয়াহূদী বাহ্যত কথাটি প্রেরিত লোকটিকে বললেও প্রকৃতপক্ষ নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কেই উদ্দেশ্য করে বলেছিল। লোকটি এসে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে উক্তিটি জানাল।) তখন রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে (ইয়াহূদী) মিথ্যা বলেছে। সে নিশ্চিতভাবে জানে যে, আমি তাদের সকলের চেয়ে অধিক আল্লাহভীক এবং আমানাত রক্ষাকারী। (তিরমিয়ী ও নাসায়ী)[1]

# ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১২১৩, নাসায়ী ৪৬২৮, মুসনাদে আহমাদ ২৫১৮৪, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬২২৪, হিলইয়াতুল আওলিয়া ৩/৩৪৭।



### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসের শেষের অংশে রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ঐ ইয়াহূদী মিথ্যা বলেছে। কারণ সে তাদের ধর্মীয় গ্রন্থ তাওরাতের মাধ্যমে জানে যে, আমি মানুষের মাঝে সবচেয়ে তাকওয়াবান মানুষ। এটা জানার পরেও সে হিংসার বশবর্তী হয়ে এরূপ বলেছে। তারা সবকিছু পরিষ্কারভাবে জানত, যেমনটা আল্লাহ তা আলা বলেছেন, كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَالَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَالَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَالَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ وَاللَّذِينَ الْمُمْ الْكِتَابَ يَعْرِفُونَ الْمُنْ وَالْكِتَابَ يَعْرِفُونَ الْمُعْالِيَةِ وَالْكِتَابَ يَعْرِفُونَ الْمُعْلِيْةِ وَاللَّذِينَ الْمُعْلَى الْمُعْلَى اللَّذِينَ الْمُعْلَى الْمُعْلَى اللَّذِينَ الْمُعْلَى الْمُعْلَى اللَّذِينَ الْمُعْلَى اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَالْمُعَالَى اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَالْمُعَالَى اللَّهُ وَاللَّهُ وَالْمُ اللَّهُ وَاللَّهُ وَالْعَلَى الْمُعَلَى اللَّهُ وَاللَّهُ وَالْعَلَى الْمُعَلَى وَالْمُ وَالْمُ وَاللَّهُ وَالْمُ وَالْمُعَلَّمُ وَاللَّهُ وَالْمُ وَاللَّهُ وَالْمُعَلَى وَالْمُوالِيَا وَالْمُوالِيَا وَالْمُعَلَى وَالْمُؤْلِيَّةُ وَلَيْ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْ الْمُعَلَى الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ وَلَا اللْمُؤْلِيْنَ وَالْمُؤْلِيْنَاءُ وَلَا الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَاءُ وَلَالِيَا وَلَالْمُؤْلِيْنَاءُ وَلَا اللْمُؤْلِيْنَ وَلَا اللْمُؤْلِيْنَاءُ وَلَا اللَّهُ وَلَا الْمُؤْلِيْنِ وَالْمُؤْلِيْنَاءُ وَلَا الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ وَلَالْمُؤْلِيْنَاءُ وَلَالْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَاءُ وَلَالْمُؤْلِيْنَاءُ وَلَالِمُلْمُ وَلِيْنَاءُ وَلَالِلْمُؤْلِيْنُ الْمُؤْلِيْنَ الْمُؤْلِيْنَاءُ

"যাদেরকে কিতাব দেয়া হয়েছে তারা তাঁকে (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে সেভাবেই চেনে যেভাবে তারা তাদের সন্তানদের চেনে"- (সূরাহ্ আল বাকারাহ্ ২ : ১৪৬)। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আব্ বাকর সিদ্দীক (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75085

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন